# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 14 May, 2025

যুদ্ধবিরতি হলেও থেমে নেই পাকিস্তান-ভারত উত্তেজনা। এবার পাকিস্তান ও ভারত একে অপরের হাইকমিশনের একজন কর্মকর্তাকে ‘অবাঞ্ছিত ব্যক্তি’ ঘোষণা করে ২৪ ঘণ্টার মধ্যে নিজ নিজ দেশ ত্যাগের নির্দেশ দিয়েছে।

মঙ্গলবার (১৪ মে) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে দ্য এক্সপ্রেস ট্রিবিউন।

মঙ্গলবার এক বিবৃতিতে পাকিস্তানের পররাষ্ট্র দপ্তর জানায়, ইসলামাবাদে নিযুক্ত ভারতের হাইকমিশনের এক কর্মকর্তাকে তার মর্যাদার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কার্যকলাপে যুক্ত থাকার অভিযোগে বহিষ্কার করা হয়েছে। তাকে ২৪ ঘণ্টার মধ্যে দেশ ছাড়তে বলা হয়েছে।

বিবৃতিতে বলা হয়, আজ ভারতীয় চার্জ দ্য’অ্যাফেয়ার্সকে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ে ডেকে এনে আনুষ্ঠানিক প্রতিবাদ (ডেমার্শ) জানানো হয়েছে এবং সিদ্ধান্তটি জানিয়ে দেওয়া হয়েছে।

এর আগে, ভারতও নয়াদিল্লিতে নিযুক্ত পাকিস্তান হাইকমিশনের একজন কর্মকর্তাকে তার কূটনৈতিক মর্যাদার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কার্যকলাপের অভিযোগে অবাঞ্ছিত ঘোষণা করে ২৪ ঘণ্টার মধ্যে ভারত ছাড়ার নির্দেশ দেয়।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, পাকিস্তানের সংশ্লিষ্ট কর্মকর্তা এমন কিছু কার্যকলাপে জড়িয়ে পড়েছেন, যা তার কূটনৈতিক মর্যাদার পরিপন্থি।তবে অভিযোগের বিস্তারিত কিছু জানানো হয়নি।

এই পদক্ষেপের ফলে পাকিস্তান ও ভারতের মধ্যে চলমান কূটনৈতিক উত্তেজনা আরও তীব্র হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

ভারত হাইকমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:11

URL: https://www.timestodaybd.com/international/2470900769